দৈনিক ইনকিলাব

তারিখ ... APR. 13 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫ ...

81

## ভুলে ভরা অষ্টম শ্রেণীর গণিত বই

১৯৯৭ সালে অষ্টম শ্রেণীর গণিত বইটি নতুনভাবে প্রণয়ন করা হয়। ১৯৯৭ সালের ডিসেম্বর মাসে বইটি পুনঃ মুদ্রণ করা হয়। কিন্তু বইটিতে বহুসংখ্যক ভুল পরিলক্ষিত হয়। এসব ভুলের কারণে অংক কষতে ছাত্র-ছাত্রীরা সমস্যার সম্মুখীন হচ্ছে। কিন্তু সাম্প্রতিককালে বাজারে যে বই পাওয়া যাচ্ছে তাতে বহুসংখ্যক ভুল সংশোধন করা হয়েছে। তবুও বইটিতে এখনও কিছুসংখ্যক ভুল বিদ্যমান। পাটী গণিতের অনুশীলনী (এক) ১-এর ৮(ঘ) নম্বর অংকটির শেষে মুদ্রণজনিত কারণে "এর" শব্দটির পর "৫" সংখ্যাটি ওঠেনি। একই প্রশ্নমালায় ১৮-এর (ঘ) নম্বর অংকটির ১ম ভগ্নাংশের হর লেখা হয়েছে ১.৬ (এক দশমিক ছয় পৌনঃপুনিক)। কিন্তু, প্রকৃত সংখ্যাটি হবে ১.৩৬ (এক দশমিক তিন পৌনঃপুনিক, ছয় পৌনঃপুনিক)। বীজ গণিতের অনুশীলনী ২.১-এর ২ নং (ক) নম্বর অংকটির দ্বিতীয় ভগ্নাংশের লব (b)-এর উপর বর্গ চিহ্ন ($b^2$) দেওয়া হয়নি। সঙ্গত কারণে অংকটি করা দুঃসাধ্য ব্যাপার। একই অনুশীলনীর ৫-এর (গ) নম্বর অংকটিতে শেষের ভগ্নাংশটির হর লেখা হয়েছে (b-c) (a-c), কিন্তু প্রকৃতপক্ষে রাশিটি হবে (b-c) (c-a), নইলে এ অংকটিও করা দুঃসাধ্য ব্যাপার। বীজ গণিতের উত্তরমালায় এখনও কিছু ভুল-ত্রুটি বিদ্যমান। অনুশীলনী ১.১-এর ৭ নম্বর অংকের ফল লেখা হয়েছে 12, কিন্তু অংকের ফল পাওয়া যায় 124, অনুশীলনী ১.২-এর ১০ (ঞ) নম্বর অংকটির ফল লেখা হয়েছে $(7a-4bc^2)$ $(49a^2+28abc^2+16b^2c^4)$, অথচ, অংকের প্রকৃত উত্তর হবে $(9a-4bc^2)$ $(81a^2+36abc^2+16b^2c^4)$, অনুশীলনী ২.১-এর ৫(চ) নম্বর অংকের উত্তর লেখা হয়েছে $\frac{-16xy^3}{x^4-16y^4}$ কিন্তু প্রকৃত ফল হয় $\frac{-64xy^3}{x^4-6y^4}$। অতএব যথাযথ কর্তৃপক্ষের নিকট বিনীত অনুরোধ, উল্লেখিত ভুলগুলো সংশোধন করে আমার মত লাখ লাখ ছাত্র-ছাত্রীর দুশ্চিন্তা ও সমস্যা সমাধান করতে আজ্ঞা হয়।

মোঃ আবু সালেহ
হযরতপুর উচ্চ বিদ্যালয়
কেরানীগঞ্জ, পোষ্ট কোড ঃ ১৩১৩, ঢাকা।